"গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
Bangladesh Gas Fields Company Ltd.
(A Company of Petrobangla)

প্রত্যয়নপত্র

২০২২-২৩ অর্থবছরে পেট্রোবাংলার সাথে বিজিএফসিএল এর স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদনের ক্ষেত্র '[৪] জ্বালানির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে খনন, ওয়ার্কওভার ও সার্ভে কার্যক্রম' এর আওতাধীন কার্যক্রম '[৪.১] ত্রি-মাত্রিক জরিপ' এর অন্তর্ভুক্ত কর্মসম্পাদন সূচক '[৪.১.১] ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় জরিপ সম্পাদনের লক্ষ্যে ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরিত' এর প্রেক্ষিতে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ২৮-০৭-২০২২ তারিখে অনুষ্ঠিত বিজিএফসিএল বোর্ডের সুপারিশক্রমে ডিপিপি ০৩-০৮-২০২২ তারিখে পেট্রোবাংলায় এবং ১৪-০৯-২০২২ তারিখে পেট্রোবাংলা হতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়।

11.07.2023

মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোং লিঃ
বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০

ভার্চুয়াল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ২৮ জুলাই ২০২২ (১৩ শ্রাবণ ১৪২৯), বৃহস্পতিবার, বিকাল ০৩ : ০০ ঘটিকায় অনুষ্ঠিত বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড-এর পরিচালকমন্ডলীর ৬৮৯তম সভার কার্যবিবরণী।

ভার্চুয়াল সভায় অংশগ্রহণকারী পরিচালকবৃন্দ

চেয়ারম্যান	:	জনাব মোঃ মাহবুব হোসেন সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
পরিচালক	:	জনাব মোঃ হুমায়ুন কবীর অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব মোঃ আঃ খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব এ কে এম বেনজামিন রিয়াজী পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা।
	:	জনাব আলী ইকবাল মোঃ নূরুল্লাহ্ পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা, ঢাকা।
	:	জনাব মোছাম্মৎ ফারহানা রহমান উপসচিব (প্রশাসন-২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব মুকতাদির আজিজ প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব (উপসচিব), ঢাকা।
	:	জনাব শাকিল আহমেদ উপসচিব (উন্নয়ন-২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
	:	জনাব মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।
সচিব	:	জনাব মোঃ হাবীবুর রহমান কোম্পানি সচিব, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।

৭৯৩৩
৬৮৯/২০২২

স্বাগত এবং ধন্যবাদ জ্ঞাপন।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.১৯.০০২.১৮.৩১৭/১(১৫), তারিখ : ০৬ জুলাই ২০২২ এর মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব ও পর্ষদের প্রাক্তন পরিচালক জনাব মোঃ জাহাঙ্গীর আলম-এর স্থলে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জনাব মোঃ হুমায়ুন কবীর-কে পরিচালক হিসেবে মনোনয়ন প্রদান করায় সভার প্রারম্ভে পর্ষদের পক্ষ থেকে তাঁকে স্বাগত জানানো হয় এবং আশা প্রকাশ করা হয় যে, পরিচালনা পর্ষদে তাঁর অন্তর্ভুক্তিতে পর্ষদের কার্যক্রম আরও বেগবান হবে ও কোম্পানির সার্বিক কর্মকান্ড পরিচালনায় তিনি যথাযথ অবদান রাখবেন। নবনিযুক্ত পরিচালক জনাব মোঃ হুমায়ুন কবীর সভার কার্যক্রম পরিচালনায় সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

৭৯৩৮ **প্রস্তাবিত 'হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ' শীর্ষক প্রকল্পটি জিওবি, জিডিএফ ও নিজস্ব**
৬৮৯/২০২২ **অর্থায়নে বাস্তবায়নের বিষয়টি অবহিতকরণ এবং তদানুযায়ী পুনর্গঠিতব্য ডিপিপি পরবর্তী প্রক্রিয়াকরণ অনুমোদন।**

ক) উপস্থাপনকারী : মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)।

প্রস্তাবিত 'হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ' শীর্ষক প্রকল্পটি জিওবি, জিডিএফ ও নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের বিষয়টি অবহিতকরণ এবং তদানুযায়ী পুনর্গঠিতব্য ডিপিপি পরবর্তী প্রক্রিয়াকরণ অনুমোদনের প্রস্তাব পর্ষদের সদয় বিবেচনা ও প্রত্যাশা অনুমোদনের জন্য পেশ করা হয়।

খ) আলোচনাঃ

আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, বিজিএফসিএল-এর আওতাধীন হবিগঞ্জ ফিল্ড ও তৎসংলগ্ন অবমুক্ত এলাকায় ৮৭৫ বর্গ কি.মি. এবং বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৫৭৫ বর্গ কি.মি. সহ সর্বমোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ কার্যক্রম বাপেক্স-এর মাধ্যমে সম্পাদন বিবেচনা করে বৈদেশিক মুদ্রা ৪৭০.০০ লক্ষ টাকাসহ মোট ৩৬৫৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০২২ হতে জুন ২০২৬ ধরে প্রণীত ডিপিপি গত ২২-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৬৮৫তম পর্ষদ সভায় পরবর্তী অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য অনুমোদিত হয়।

সভাকে আরও অবহিত করা হয় যে, বর্ণিত প্রকল্পের মোট বিনিয়োগের শতকরা ৫.২০ ভাগ বিজিএফসিএল-এর নিজস্ব তহবিল হতে এবং অবশিষ্ট শতকরা ৯৪.৮০ ভাগ গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) হতে অর্থায়ন বিবেচনা করে প্রণীত ডিপিপি জিডিএফ প্রকল্প বাছাই কমিটির সুপারিশ ও অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্তির লক্ষ্যে গত ২৭-০৩-২০২২ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। উল্লেখ্য, গত ১২-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত জিডিএফ-এ বাস্তবায়িতব্য প্রকল্প বাছাই কমিটির সভায় প্রকল্প প্রস্তাবে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে আলোচ্য প্রকল্পের প্রাক্কলিত মোট ব্যয়ের ৯৫% জিডিএফ এবং ৫% বিজিএফসিএল-এর নিজস্ব অর্থায়নের মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়নের জন্য নীতিগতভাবে সুপারিশ করা হয়। পরবর্তীতে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রস্তাবিত প্রকল্পটি অগ্রাধিকার তালিকায় অন্তর্ভুক্ত করে হালনাগাদ চূড়ান্ত তালিকা অনুমোদন করা হয়। গত ৩০-০৬-২০২২ তারিখে সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত জিডিএফ তহবিল ব্যবস্থাপনা কমিটি'র ভার্চুয়াল সভায় আলোচ্য প্রকল্পের অর্থায়ন পুনর্বিন্যাস করে জিওবি হতে ৭০%, জিডিএফ হতে ২৫% এবং বিজিএফসিএল-এর নিজস্ব তহবিল হতে ৫% সংস্থান রেখে ডিপিপি পুনর্গঠন করে পরবর্তী প্রক্রিয়াকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে আলোকে, ডিপিপি'র সকল অঙ্গের ব্যয় অপরিবর্তিত রেখে শুধুমাত্র অর্থায়নের ধরণ পরিবর্তন করে পুনর্গঠিতব্য ডিপিপি পরবর্তী প্রক্রিয়াকরণের জন্য পেট্রোবাংলায় প্রেরণ করা যেতে পারে। সভা অবহিত হয় যে, ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা সংক্রান্ত পরিকল্পনা মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন জুন, ২০২২ অনুসরণ করা হবে।

সভাকে আরও অবহিত করা হয় যে, প্রস্তাবিত ৩-ডি সাইসমিক জরিপ হতে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে ভবিষ্যতে গ্যাস অনুসন্ধান/মূল্যায়ন/উন্নয়ন কার্যক্রমের সিদ্ধান্ত গ্রহণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। এ বিবেচনায় হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে মোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ কার্য সম্পাদনের নিমিত্ত আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বৈদেশিক মুদ্রায় ৪৭০.০০ লক্ষ টাকাসহ মোট ৩৬৫৫০.০০ লক্ষ টাকা। তন্মধ্যে, জিডিএফ তহবিল ব্যবস্থাপনা কমিটি'র সিদ্ধান্তের আলোকে প্রকল্পের অর্থায়ন জিওবি হতে সর্বোচ্চ ৭০%, জিডিএফ হতে সর্বোচ্চ ২৫% ও কোম্পানির অবচয় তহবিল হতে কমপক্ষে ৫% বিবেচনা করে সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি/আরএডিপি) এর আওতাভুক্ত রেখে জিওবি, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) ও কোম্পানির অবচয় তহবিল হতে যোগানের প্রস্তাব করা হবে।

এমতাবস্থায়, জিডিএফ তহবিল ব্যবস্থাপনা কমিটি'র সিদ্ধান্তের আলোকে প্রকল্পের অর্থায়ন জিওবি হতে সর্বোচ্চ ৭০%, জিডিএফ হতে সর্বোচ্চ ২৫% ও কোম্পানির অবচয় তহবিল হতে কমপক্ষে ৫% বিবেচনা করে পুনর্গঠিতব্য ডিপিপি পরবর্তী প্রক্রিয়াকরণের নিমিত্ত পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি পরিচালনা পর্ষদের সদয় বিবেচনা ও প্রত্যাশা অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

সভা উপস্থাপিত বিষয়াদি সম্যক অবহিত হয়। বিস্তারিত আলোচনার পর প্রস্তাবিত প্রকল্পটি জিওবি, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) ও কোম্পানির অবচয় তহবিল এর অর্থায়নে বাস্তবায়ন এবং বৈদেশিক মুদ্রায় ৪৭০.০০ লক্ষ টাকাসহ মোট ৩৬৫৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে আলোচ্য প্রকল্পের পুনর্গঠিতব্য ডিপিপি পরবর্তী প্রক্রিয়াকরণের নিমিত্ত পেট্রোবাংলায় প্রেরণের প্রস্তাব অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। আলোচ্য প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়ন হবে বিধায় প্রস্তাবিত ডিপিপি একনেক এর অনুমোদনের প্রয়োজন হবে। এ বিবেচনায়, প্রকল্পের কাজ শুরুর সময়কাল জুলাই ২০২২ এর পরিবর্তে জানুয়ারি ২০২৩ নির্ধারণপূর্বক প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ নির্ধারণ করা যেতে পারে।

গ) <u>সিদ্ধান্তঃ</u>

পরিচালনা পর্ষদ হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেঃ

১। প্রস্তাবিত "হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ" শীর্ষক প্রকল্পটি জিওবি, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) ও কোম্পানির অবচয় তহবিল এর অর্থায়নে বাস্তবায়ন; এবং

২। বৈদেশিক মুদ্রায় ৪৭০.০০ লক্ষ টাকাসহ মোট ৩৬৫৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ ধরে আলোচ্য প্রকল্পের পুনর্গঠিতব্য ডিপিপি পরবর্তী প্রক্রিয়াকরণের নিমিত্ত পেট্রোবাংলায় প্রেরণের প্রস্তাব প্রত্যাশা অনুমোদন।

সংযুক্তি-২

গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

আসুন, আমাদের সন্তানের জন্য সুখী সমৃদ্ধশালী ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ গড়ি।

বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
Bangladesh Gas Fields Company Ltd.
(A Company of Petrobangla)

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

সূত্র নং ঃ ২৮.১০.১২১৩.৩০৭.০১.১৫৭.২২

তারিখঃ ০৩-০৮-২০২২

পরিচালক (পরিকল্পনা)
পেট্রোবাংলা
৩, কাওরান বাজার বা/এ
ঢাকা-১২১৫।

দৃষ্টি আকর্ষণ ঃ মহাব্যবস্থাপক, প্লানিং এন্ড মনিটরিং ডিভিশন, পেট্রোবাংলা।

বিষয়ঃ **"হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ" শীর্ষক প্রকল্পের খসড়া ডিপিপি প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

বিষয়োক্ত প্রকল্পের ডিপিপি ২২-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত বিজিএফসিএল বোর্ডের ৬৮৬তম সভায় জিডিএফ ও কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন বিবেচনায় অনুমোদিত হয়। গ্যাস উন্নয়ন তহবিলের নীতিমালার আলোকে প্রকল্প বাছাই কমিটির ১২-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ অনুযায়ী পরিমার্জিত ডিপিপি ১৭-০৫-২০২২ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। প্রেরিত ডিপিপি ২৩-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত পেট্রোবাংলার বোর্ড সভায় উপস্থাপন করা হয়। বোর্ড সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে পেট্রোবাংলার প্লানিং এন্ড মনিটরিং ডিভিশন এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনার ভিত্তিতে বৈদেশিক মুদ্রায় ৪৭০.০০ লক্ষ টাকাসহ মোট ৩৬৫৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিপিপি পরিমার্জন করা হয়। ৩০-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত 'জিডিএফ তহবিল ব্যবস্থাপনা কমিটি'র সভার সিদ্ধান্তের আলোকে জিওবি হতে ৭০%, গ্যাস উন্নয়ন তহবিল হতে ২৪.৯% ও কোম্পাানির নিজস্ব তহবিল হতে ৫.১% এবং বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বিবেচনা করে পুনর্গঠিত ডিপিপি পরবর্তী অনুমোদন প্রক্রিয়াকরণের নিমিত্ত পেট্রোবাংলায় প্রেরণের বিষয়টি ২৮-০৭-২০২২ তারিখে অনুষ্ঠিত বিজিএফসিএল বোর্ডের ৬৮৯তম সভায় অনুমোদিত হয়। ৩০-০৬-২০২২ তারিখে 'জিডিএফ তহবিল ব্যবস্থাপনা কমিটি'র সভার সিদ্ধান্ত পুনর্গঠিত ডিপিপি'র সাথে সংযুক্ত করে পরবর্তী প্রক্রিয়াকরণের নিমিত্ত উহার ০৪ (চার) প্রস্থ এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ শোয়েব) ৩/৮/২০২২
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি (সংযুক্তি ব্যতীত):

- মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নয়ন), বিজিএফসিএল।
- মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বিজিএফসিএল।

প্লানিং এন্ড মনিটরিং বিভাগ পেট্রোবাংলা
তাং ৪/৮/২২
সময়

Head Office : Birashar, Brahmanbaria-3400, Bangladesh, Tel : **PABX :** 88-0851-58141, 58428 & 59128, **Fax :** 88-0851-59390
Liaison Office : Petrocentre (14th Floor), 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **Tel :** 88-02-8189508, **Fax :** 88-02-8189507
Website : www.bgfcl.org.bd, **E-mail :** md@bgfcl.org.bd & mdbgfcl@yahoo.com

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

জরুরি
সীমিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
বাজেট ও মনিটরিং (সদর দপ্তর)
www.petrobangla.org.bd

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৭.০৪.০০৭.২২.২৫২

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯
১৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **"হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ" শীর্ষক প্রকল্পের জন্য প্রস্তাবিত নিজস্ব ও জিডিএফ অর্থ বাবদ মোট ১০৯৬৫.০০ লক্ষ টাকার জন্য ছাড়পত্র (লিক্যুইডিটি সার্টিফিকেট) গ্রহন প্রসংগে।**

সূত্র: ১) বিজিএফসিএল এর পত্র সূত্র নং ২৮.১০.১২১৩.৩০৭.১৯.০০১.১৯.৮৪ তাং ১২-০৯-২০২২
২) জ্বাখসবি এর পত্র সূত্র নং ২৮.০০.০০০০.০৩৮.১৪.০১২.২২/২০২ তাং ০৫-০৯-২০২২

পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) কর্তৃক জিওবি, জিডিএফ ও নিজস্ব অর্থায়নে বাস্তবায়িতব্য "হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ" শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ডিপিপি অনুযায়ী বাস্তবায়নকাল জানুয়ারী, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৬ এবং প্রাক্কলিত ব্যয় বৈদেশিক মুদ্রায় ৪৭০.০০ (চারশত সত্তর) লক্ষ টাকাসহ সর্বমোট ৩৬,৫৫০.০০ (ছত্রিশ হাজার পাঁচশত পঞ্চাশ) লক্ষ টাকা। বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের জন্য প্রস্তাবিত নিজস্ব অর্থ ১৮৬৫.০০ লক্ষ টাকা ও জিডিএফ এর অর্থ ৯১০০.০০ লক্ষ টাকা অর্থাৎ সর্বমোট ১০৯৬৫.০০ লক্ষ টাকার জন্য অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মনিটরিং সেল হতে ছাড়পত্র (লিক্যুইডিটি সার্টিফিকেট) গ্রহণ করা প্রয়োজন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সূত্রোস্থ পত্রের চাহিদা অনুযায়ী কোম্পানির প্রস্তাবের পরিপ্রেক্ষিতে নিম্নেবর্নিত তথ্যাদি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মনিটরিং সেলের নির্দিষ্ট ফরমেটে এতদ্সঙ্গে প্রেরণ করা হলোঃ

ক্রমিক নং	বিবরন
ক)	প্রস্তাবিত প্রকল্প ছক (ডিপিপি);
খ)	কোম্পানির সর্বশেষ ০৩ (তিন) বছরের নিরীক্ষা প্রতিবেদন;
গ)	কোম্পানির বিগত ০৫ (পাঁচ) বছরের প্রকৃত এবং আগামী ০৫ (পাঁচ) বছরের প্রক্ষেপিত আয়-ব্যয় বিবরণী, নগদ তহবিল প্রবাহ বিবরণী (মনিটরিং সেলের ছক:১-ক/খ এবং ছক:২) এবং জিডিএফ এর নগদ তহবিল প্রবাহ বিবরণী;
ঘ)	বিগত ০৫ (পাঁচ) বছরে সরকারি কোষাগারে প্রদেয় কোম্পানির অবদান/লভ্যাংশ ও দীর্ঘমেয়াদী ঋণ (ডিএসএল) পরিশোধ বিবরণী (মনিটরিং সেলের ছক:৩);
ঙ)	কোম্পানির ব্যাংক জমা বিবরণী;
চ)	কোম্পানির নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন প্রকল্পের বিবরনী;
ছ)	ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট;
জ)	প্রস্তাবিত প্রকল্পের উদ্দেশ্য ও যৌক্তিকতা;
ঝ)	বিজিএফসিএল এর পরিচালকমন্ডলীর ৬৮৯তম বোর্ড সভার সিদ্ধান্ত;

ঞ)	পেট্রোবাংলার পরিচালকমন্ডলীর ৫৬০তম বোর্ড সভার সিদ্ধান্ত;
ট)	বিজিএফসিএল এর পত্র সূত্র নং ২৮.১০.১২১৩.৩০৭.১৯.০০১.১৯.৮৪ তাং ১২-০৯-২০২২ (সংযুক্তি-১);
ঠ)	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ পত্র সূত্র নং: ২৮.০০.০০০০.০৩৮.১৪.০১২.২২/২০২ তারিখ ০৫-০৯-২০২২ (সংযুক্তি-২)।

বর্ণিতাবস্থায়, পেট্রোবাংলার আওতাধীন বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) কর্তৃক বাস্তবায়িতব্য "হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সম্পাদনের নিমিত্ত প্রকল্পের জন্য প্রস্তাবিত নিজস্ব অর্থ ১৮৬৫.০০ লক্ষ টাকা ও জিডিএফ এর অর্থ ৯১০০.০০ লক্ষ টাকা অর্থাৎ সর্বমোট ১০৯৬৫.০০ লক্ষ টাকার জন্য প্রকল্পের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মনিটরিং সেল হতে ছাড়পত্র (লিক্যুইডিটি সার্টিফিকেট) সংগ্রহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

সংযুক্তি : সংযুক্ত তথ্যাদি বাহক মারফত প্রেরিত।

১৪-৯-২০২২
এ কে এম বেনজামিন রিয়াজী
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৭.০৪.০০৭.২২.২৫২/১

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯
১৪ সেপ্টেম্বর ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

১৪-৯-২০২২
এ কে এম বেনজামিন রিয়াজী
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)